



## বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন

“কৃষি ভবন”

৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

(নিয়োগ ও কল্যাণ বিভাগ)

www.badc.gov.bd

বিজ্ঞপ্তি নং-১২.২০৪.০১১.০৫.০৫.২১৪.২০১৬- ৬৬২

তারিখ: ১৮ মে ২০১৬

### “নিয়োগ বিজ্ঞপ্তি”

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশনের নিম্নোক্ত শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ


ক্র নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	শিক্ষাগত যোগ্যতা	মন্তব্য
১.	উপসহকারী পরিচালক	৬৫	১৬,০০০—৩৮,৬৪০/-	কৃষিতে কমপক্ষে ২য় শ্রেণির ডিপ্লোমা।	

#### আবেদনের নিয়মাবলি/নিয়োগ সংক্রান্ত শর্তাবলি :

- আগ্রহী প্রার্থীদের জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ফরমে সচিব, বিএডিসি, ঢাকা বরাবর আবেদন করতে হবে। আবেদনপত্রের নমুনা বিএডিসির ওয়েব সাইট ([www.badc.gov.bd](http://www.badc.gov.bd)) এ পাওয়া যাবে।
- আবেদনপত্রের সাথে কোনো কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে না। শুধুমাত্র সদ্য তোলা ০২ (দুই) কপি ৫X৫ সে.মি সাইজের এবং এক কপি স্টাম্প সাইজের সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে।
- মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র, নিজ এলাকার পৌরসভার মেয়র/প্রশাসক কিংবা সিটি কর্পোরেশনের কাউন্সিলার অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত স্থায়ী নিবাস সংক্রান্ত সনদপত্র, প্রথম শ্রেণির সরকারি কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ আবেদনে উল্লিখিত সকল তথ্যের সপক্ষে মূল কপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।
- সরকারি আদেশ মোতাবেক মুক্তিযোদ্ধা কোটা পদ্ধতি (মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত মুক্তিযোদ্ধা প্রার্থী পাওয়া না গেলে মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যার পুত্র-কন্যা) অনুসরণ করা হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধার পুত্র অথবা কন্যা হলে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা পিতার/মাতার মুক্তিযোদ্ধার সনদপত্র, পিতার/মাতার নাম মুক্তিবর্তা/গেজেটে প্রকাশিত হয়ে থাকলে উহার মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে। মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যাদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সনদপত্র, মুক্তিযোদ্ধার নাম মুক্তিবর্তা/গেজেটে প্রকাশিত হয়ে থাকলে উহার মূল কপি এবং নিজ এলাকার পৌরসভার মেয়র/প্রশাসক কিংবা সিটি কর্পোরেশনের কাউন্সিলার অথবা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারী সম্পর্ক বিষয়ক প্রত্যয়নপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।
- আবেদনপত্রে কোটার উল্লেখ থাকলে উক্ত কোটার সপক্ষে যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের মূল কপি মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে এবং এক কপি সত্যায়িত অনুলিপি জমা প্রদান করতে হবে।
- সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট সময়সীমার মধ্যে আবেদন করতে হবে। আবেদনের অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- আবেদনকারীর বয়স ০৯ জুন ২০১৬ তারিখে ১৮ বছর থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা/ শহিদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর। এসএসসি সনদপত্রের ভিত্তিতে বয়স নির্ধারণ করা হবে। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- আবেদনপত্রের খামের উপরে স্পষ্টাক্ষরে পদের নাম ও নিজ জেলা উল্লেখ করতে হবে।
- নিয়োগ নীতিমালা অনুযায়ী বাছাইকৃত প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। কেবলমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক সাক্ষাৎকারের জন্য আমন্ত্রণ জানানো হবে।

(২)

- ১০। পরীক্ষা গ্রহণের স্থান, তারিখ ও সময়সূচি উল্লেখপূর্বক প্রবেশপত্র যথাসময়ে প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের বর্তমান ঠিকানায় প্রেরণ করা হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১১। আবেদনপত্রের সঙ্গে “বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন”-এর অনুকূলে সোনালী ব্যাংক, কৃষিভবন শাখা, ঢাকা-এর বরাবরে যেকোন তফসিলি ব্যাংক হতে ৫০০ (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে। (ঢাকা শহরের জন্য পে-অর্ডার গ্রহণযোগ্য)
- ১২। আবেদনপত্র আগামী ০৯ জুন ২০১৬ তারিখের মধ্যে সচিব, বিএডিসি, কৃষিভবন (১১ তলা), ৪৯-৫১, দিলকুশা বা/এ, ঢাকা ১০০০ ঠিকানায় পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। অসম্পূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১৩। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিল করতে পারবে।
- ১৪। চূড়ান্ত নিয়োগের সময় পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি পেতে পারে।
- ১৫। বিএডিসির ওয়েব সাইট ([www.badc.gov.bd](http://www.badc.gov.bd)) এ বিজ্ঞপ্তি দেখা যাবে।

  
১৮/৫/১৬  
(ড. মোয়াজ্জেম হোসেন)  
সচিব  
বিএডিসি, ঢাকা।